



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০.১৩৮

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭

২৯ জুলাই ২০২০

বিষয়: অনলাইনে এম.পি.ও. আবেদন দাখিল, অগ্রায়ণ ও প্রক্রিয়াকরণ/নিষ্পত্তির সময়সূচি পুননির্ধারণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০৫.০০১.১৯.১৫৭ তারিখ: ১৯/০৭/২০২০
খি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির অর্থ ছাড়ের প্রস্তাব প্রতি মাসের ২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর শিক্ষক ও কর্মচারীদের এম.পি.ও. চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে গঠিত কমিটির গত ২০/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে এম.পি.ও. আবেদন দাখিল, অগ্রায়ণ ও প্রক্রিয়াকরণ/নিষ্পত্তির জন্য নিম্নরূপে সময়সূচি পুননির্ধারণ করা হলো:

১) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের জন্য:

- ক) প্রতিষ্ঠান পর্যায় হতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ে অনলাইনে আবেদন দাখিলের শেষ সময় এম.পি.ও.'র পূর্ববর্তী মাসের ০৮ তারিখ (উদাহরণ: সেপ্টেম্বরের এম.পি.ও.'র জন্য প্রতিষ্ঠান পর্যায় হতে আবেদন দাখিলের শেষ সময় আগস্টের ০৮ তারিখ এবং নভেম্বরের এম.পি.ও.'র জন্য প্রতিষ্ঠান পর্যায় হতে আবেদন দাখিলের শেষ সময় অক্টোবরের ০৮ তারিখ);
- খ) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কার্যালয় হতে জেলা শিক্ষা কার্যালয়ে আবেদন অগ্রায়ণের শেষ সময় এম.পি.ও.'র পূর্ববর্তী মাসের ১৪ তারিখ;
- গ) জেলা শিক্ষা কার্যালয় হতে আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) কার্যালয়ে অনলাইনে আবেদন অগ্রায়ণের শেষ সময়: এম.পি.ও.'র পূর্ববর্তী মাসের ২১ তারিখ; এবং
- ঘ) আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর কার্যালয় হতে ই.এম.আই.এস সেলে আবেদন অগ্রায়ণ/নিষ্পত্তির শেষ সময়: প্রতি এম.পি.ও. মাসের ১০ তারিখ।

২) কলেজ (স্কুল এন্ড কলেজের কলেজ পর্যায়, উচ্চ মাধ্যমিক কলেজ এবং ডিগ্রি স্তর)-এর জন্য:

- ক) প্রতিষ্ঠান পর্যায় হতে আঞ্চলিক পরিচালক বরাবর অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়: এম.পি.ও.'র পূর্ববর্তী মাসের ০৮ তারিখ (উদাহরণ: সেপ্টেম্বরের এম.পি.ও.'র জন্য প্রতিষ্ঠান পর্যায় হতে আবেদন দাখিলের শেষ সময় আগস্টের ০৮ তারিখ এবং নভেম্বরের এম.পি.ও.'র জন্য প্রতিষ্ঠান পর্যায় হতে আবেদন দাখিলের শেষ সময় অক্টোবরের ০৮ তারিখ); এবং
- খ) আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে ই.এম.আই.এস সেলে আবেদন অগ্রায়ণ/নিষ্পত্তির শেষ সময়: প্রতি এম.পি.ও. মাসের ১০ তারিখ।

৩) অনলাইনে এম.পি.ও. আবেদন নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণের কোনও পর্যায়েই শেষ সময়ের জন্য অপেক্ষা করা যাবে না। অনলাইনে আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তা দ্রুত সময়ের মধ্যে যাচাই-বাছাই করবেন এবং নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণ শেষে পরবর্তী পর্যায়ে প্রেরণ করবেন। বিশেষত উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ ও জেলা শিক্ষা কর্মকর্তাগণ অনলাইনে আবেদন প্রাপ্তির তিন কর্মদিবসের মধ্যে তা যাচাই-বাছাই শেষে পরবর্তী পর্যায়ে অগ্রায়ণ/রিজেস্ট করবেন।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর শিক্ষক-কর্মচারীদের এম.পি.ও. সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম পুননির্ধারিত সময়সূচি ও নির্দেশনা মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২৯-৭-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ৪) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা
- ৫) অধ্যক্ষ, এম.পি.ও.ভুক্ত সকল কলেজ
- ৬) প্রধান শিক্ষক, এম.পি.ও.ভুক্ত সকল বিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০.১৩৮/১(১৬২)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭
২৯ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা। (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ১০) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১১) সংরক্ষণ নথি।

২৯-৭-২০ ২০

মোঃ রুহুল মমিন
উপপরিচালক